ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪৩১.২০.০৫০.২৩** নথির বিষয়: Construction of the collapsed retention wall on the South-East side of SWTP phase-1

নোট: ১ নোটের বিষয়: **Construction of the collapsed retention wall on the South-East side of SWTP phase-1**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২০/৫/২৩ ৬:৫৪ অপরাহ্ন

ক্রমিক নং ০১ হইতে ০৭ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগারের মাধ্যমে শীতলক্ষ্যা নদী হতে পানি এনে অত্র শোধনাগার হতে পরিশোধন করে ঢাকা মহানগরবাসীর জন্য প্রতিদিন ৪৫ কোটি লিটার পরিশোধিত পানি সরবরাহ হচ্ছে। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ নামে দুটি শোধনাগার রয়েছে। শোধনাগার দুইটি অতীব গুরুত্বপূর্ন একটি জাতীয় স্থাপনা। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ১ম সীমানা নির্ধারনী ওয়াল গুলো অনেক পুরানো এবং নিচু ও স্যাঁতসেতে জায়গায় অবস্থিত। তাই সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর দক্ষিন পার্শ্বের ১ম সীমানা নির্ধারনী ওয়ালের বেশ কিছু অংশ ভেঙ্গে পড়েছে (সংযুক্ত ক্রমিক নং-০৩)। উক্ত ভাঙা অংশ দিয়ে দিনে ও রাতের অন্ধকারে অনাকাঙ্খিত লোকজন প্রবেশ করে যাহা কে পি আই স্থাপনার জন্য হুমকি স্বরুপ। গত ১৯/১০/২০২২ ইং তারিখে KPI Survey tem প্ল্যান্ট পরিদর্শন কালে সাপাশো ফেজ-১ এর ভেঙ্গে পড়া দক্ষিন পার্শ্বের ১ম সীমানা নির্ধারনী ওয়ালটি পূনঃনির্মান করার মৌখিক নির্দেশনা রয়েছে। সেজন্য সাপাশো ফেজ-১ এর নিরাপত্তার কথা বিবেচনা করে ভেঙ্গে পড়া দক্ষিন পার্শ্বের ১ম সীমানা নির্ধারনী ওয়ালটি পূনঃনির্মান করার লক্ষ্যে ঢাকা ওয়াসার পিএন্ডডি (পানি ও হাইড্রোলজি) বিভাগে নির্মান নক্সা করার জন্য নথি প্রেরন করা হলে পিএন্ডডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ নির্মান নক্সা প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিভাগে প্রেরন করে (সংযুক্ত ক্রমিক নং-০৪)। আলোচ্য কাজটি করার জন্য পিএন্ডডি (পানি ও হাইড্রোলজি) বিভাগে নির্মান নক্সা অনুযায়ী পিডব্লিউডি রেট সিডিউল ২০২২-এর দর অনুযায়ী কাজ সম্পাদনের জন্য এ একটি প্রাক্কলন উপস্থাপন করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৭)। যাতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৪,৯৪,২২৫.২২৬ (চার লক্ষ চুরানব্বই হাজার দুইশত পঁচিশ দশমিক দুই দুই ছয় টাকা মাত্র) টাকা। কাজটির ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর সীমানা প্রাচীর রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০৫) খাত হতে নির্বাহ করা হবে। আলোচ্য কাজটি ২০২২-২৩ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৮৮ এবং প্যাকেজ নং W-98 এ অর্ন্তভূক্ত আছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২০/৫/২৩ ৬:৫৫ অপরাহ্ন

KPI প্রতিষ্ঠানের নিরাপত্তা খুবই স্পর্শকাতর (Sensitive)। দরপত্র আহ্বান করে ঠিকাদার নিয়োজিত করে আলোচ্য কাজটি বাস্তবায়ন অধিক সময় সাপেক্ষ। উক্ত সময়ের মধ্যে নিরাপত্তাজনিত দুর্ঘটনা ঘটলে তা কর্তৃপক্ষের জন্য ক্ষতির কারন হবে মর্মে প্রতীয়মান হয়। সায়েদাবাদ পানি শোধনাগারের নিরাপত্তার কথা বিবেচনা করে জরুরী ভিত্তিতে কাজটি বাস্তবায়ন প্রযোজন। তাই আলোচ্য কাজটি পাবলিক প্রোকিউরমেন্ট আইন ২০০৬ ও বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারায় ঢাকা ওয়াসার তালিকাভূক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জয়নব এন্টারপ্রাইজ কে নিয়োজিত করে সরাসরি কার্য ক্রয় পদ্ধতিতে (DPM) এর মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পাদন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২০/৫/২৩ ৭:০০ অপরাহ্ন

এমতাবস্থায়, Construction of the collapsed retention wall on the South-East side of SWTP phase-1 কাজের উপস্থাপিত সর্বমোট টাঃ ৪,৯৪,২২৫.২২৬ (চার লক্ষ চুরানব্বই হাজার দুইশত পঁচিশ দশমিক দুই দুই ছয় টাকা মাত্র) মাত্রের প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০০৮ এর বিধি ৭৬ (১) এর (ট) ধারায় ঢাকা ওয়াসার তালিকাভূক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জয়নব এন্টারপ্রাইজ কে নিয়োজিত করে সরাসরি কার্য ক্রয় পদ্ধতিতে (DPM) এর মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পাদন করার অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২০/৫/২৩ ৭:০৫ অপরাহ্ন মোঃ ইকবাল হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২০/৫/২৩ ৭:১৩ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২০/৫/২৩ ১১:১৯ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	~~২০/৫/২৩ ১১:১৯ অপরাহ্ন~~ ~~মির্জা গোলাম কিবরিয়া~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২১/৫/২৩ ৭:১২ পূর্বাহ্ন

Please discuss with the hard copy.

২১/৫/২৩ ৭:১২ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২১/৫/২৩ ৭:২২ পূর্বাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	~~২১/৫/২৩ ৭:২২ পূর্বাহ্ন~~ ~~মোহাম্মদ মশিউর রহমান ভূঞা~~ ~~সহকারী প্রকৌশলী~~ ~~সায়েদাবাদ পানি শোধনাগার~~ ~~(রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২১/৫/২৩ ১১:৩৬ পূর্বাহ্ন

অনুচ্ছেদ: ১.৩ এর প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল মহোদয়ের সহিত আলোচনা হয়েছে, আলোচ্য কাজটি KPI প্রতিষ্ঠানের নিরাপত্তার জন্য খুবই স্পর্শকাতর (Sensitive)। দরপত্র আহ্বান করে ঠিকাদার নিয়োজিত করে আলোচ্য কাজটি বাস্তবায়ন অধিক সময় সাপেক্ষ। উক্ত সময়ের মধ্যে নিরাপত্তাজনিত দুর্ঘটনা ঘটলে তা কর্তৃপক্ষের জন্য ক্ষতির কারন হবে মর্মে প্রতীয়মান হয়। সায়েদাবাদ পানি শোধনাগারের নিরাপত্তার কথা বিবেচনা করে জরুরী ভিত্তিতে কাজটি বাস্তবায় প্রযোজন।

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২১/৫/২৩ ১১:৩৭ পূর্বাহ্ন

এমতাবস্থায়,Construction of the collapsed retention wall on the South-East side of SWTP phase 1 কাজের উপস্থাপিত সর্বমোট টাঃ ৪,৯৪,২২৫.২২৬ (চার লক্ষ চুরানব্বই হাজার দুইশত পঁচিশ দশমিক দুই দুই ছয় টাকা মাত্র) মাত্রের প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর২০০৮ এর বিধি ৭৬ (১) এর (ট) ধারায় ঢাকা ওয়াসার তালিকাভূক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জয়নব এন্টারপ্রাইজ কে নিয়োজিত করে সরাসরি কার্য ক্রয় পদ্ধতিতে (DPM) এর মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পাদন করার অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২১/৫/২৩ ১১:৩৭ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২১/৫/২৩ ১২:৪৭ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২১/৫/২৩ ৫:৪৬ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~২১/৫/২৩ ৫:৪৬ অপরাহ্ন~~ ~~মোঃ কামরুল হাসান~~ ~~প্রধান প্রকৌশলী~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ২২/৫/২৩ ৭:৫৫ পূর্বাহ্ন

অনুমোদিত

২২/৫/২৩ ৭:৫৫ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	২২/৫/২৩ ৭:৫৬ পূর্বাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১/৬/২৩ ১০:২৮ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১/৬/২৩ ১০:২৮ পূর্বাহ্ন মোঃ ইকবাল হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)